গাংনীতে স্বতন্ত্র প্রার্থীর উপর হামলা ও রিভলবার ছিনতাইয়ের অভিযোগ

মেহেরপুরের গাংনী পৌর নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম ও তার সমর্থকদের উপর হামলার ঘটনা ঘটেছে। আজ সোমবার দুপুর আড়াইটার দিকে শিশিরপাড়া গ্রামে এ ঘটনাটি ঘটে।

এ ঘটনায় স্বতন্ত্র প্রার্থী ও বর্তমান মেয়র আশরাফুল ইসলাম ও তার ৫ কর্মী এবং আওয়ামী লীগ প্রার্থীর চার কর্মী আহত হয়। হামলাকারীরা স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামের ব্যক্তিগত রিভলবার ছিনিয়ে নিয়ে ফাঁকাগুলি বর্ষণ করে পালিয়ে যায় বলে অভিযোগ আশরাফুল ইসলামের।

এদিকে আশরাফুল ইসলামের বিরুদ্ধে আগ্নেয়াস্ত্র ব্যবহারের অভিযোগ তুলে আইনী ব্যবস্থা গ্রহণের দাবী জানান আওয়ামীলীগ প্রার্থী আহম্মেদ আলী।

আহতদের কয়েক জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

এদের মধ্যে আওয়ামী লীগ প্রার্থীর কর্মী নাজমুল হোসেন (৩৫), উজ্জল হোসেন (২৫) ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থক রোকনুজ্জামানকে
(২৫) হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম জানান, সোমবার দুপুরে তিনি ও সমর্থকরা শিশিরপাড়ায় নির্বাচনী প্রচারে গেলে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলীর সমর্থকরা অতর্কিত হামলা চালিয়ে আশরাফুল ইসলামসহ ছয় জনকে আহত করে।

এসময় হামলাকারীরা আশরাফুল ইসলামের কাছে থাকা ৯ রাউন্ড গুলিসহ ব্যক্তিগত রিভলবার (৭.৬ ক্যালিবার) ছিনিয়ে নিয়ে ফাঁকা গুলি বর্ষণ করে পালিয়ে যায়।

সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে পাল্টা অভিযোগ করে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলী বলেন, নির্বাচনের সময় ব্যক্তিগত বৈধ আগ্নেয়াস্ত্র অবৈধ হিসেবে বিবেচিত। আশরাফুল ইসলামের আগ্নেয়াস্ত্রটি জব্দ ও তাকে গ্রেপ্তারের দাবী জানান তিনি।

এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে ধুমপান ও তামাকজাত দ্রব্য (নিয়ন্ত্রণ)সংক্রান্ত ত্রৈমাসিক সভা

বাংলাদেশে ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যাবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০১৩ সালের সংশোধনী সহ) বাস্তবায়ন সংক্রান্ত মুজিবনগর উপজেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভা অনু্ষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ডা: মজিবুর রহমান, উপজেলা কৃ্ষি কর্মকর্তা আনিছুজ্জামান খাঁন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, উপজেলা আনসার ভিডিপি কমকর্তা মিরাজুল ইসলাম, বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান (শের খাঁন), তামাক নিয়ন্ত্রণে কর্মরত সংগঠনের প্রতিনিধি সাংবাদিক সোহাগ মন্ডল।

অনু্ষ্ঠানে তামাক নিয়ন্ত্রণ:সংক্ষেপে গুরুত্বপূর্ণ ধারাসমূহ যেমন পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে ধূমপান করলে কি পরিমান জরিমানা, অপ্রাপ্তবয়স্কদের কাছে তামাকজাত দ্রব্য বিক্রয় করলে বিক্রয়কারী ও

কোম্পানির কি পরিমান জরিমানা আদায় করা হবে। ধুমপানের নিষিদ্ধ এলাকা, সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী প্রচার এবং মানুষকে ধুমপান থেকে বিরত রাখতে বিভিন্ন প্রচার প্রচারনা ও নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা বিষয়ে আলোচনা করা।

অনু্ষ্ঠান টি সঞ্চালনা করেন স্যানিটারি ইনেসপেক্টর তরিকুল ইসলাম।

মেহেরপুরের বলিয়ারপুরে চেয়ারম্যান প্রার্থীর আলোচনা সভা

মেহেরপুর সদরের বলিয়ারপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মেহেরপুর উপজেলার পিরোজপুর ইউনিয়নের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার রাতে মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর বাজারে এ সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আজিবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউপি সদস্য ওহিদুর রহমান ডাবলু।

বক্তব্য রাখেন সিরাজুল ইসলাম, মিরাজ সর্দার, তৌহিদুল ইসলাম, মুছাদ আলী, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক প্রতিক প্রমুখ।

গাংনীতে ভোট প্রার্থনা করে ছাত্রলীগের লিফলেট বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোট প্রার্থনা করে লিফলেট বিতরণ করেছে ছাত্রলীগ নেতা কর্মীরা।

সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড তুলে ধরে গতকাল রবিবার বিকালে গাংনী বাজারের বিভিন্ন দোকান ও বাড়ি বাড়ি গিয়ে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের নেতৃত্বে ছাত্রলীগ নেতা কর্মীরা।

এ সময় মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাজাহান আলী, সহ-সভাপতি সোহান, যুগ্ম সম্পাদক রবিন, সাংগঠনিক সম্পাদক আশিকুর রহমান সাগর, ছাত্রলীগ নেতা রাকিবুল ইসলাম টুটুল, হিরোক ও মুন্নাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালতের আভিযান

মেহেরপুরের মুজিবনগরে কৃষি জমিতে পুকুর খনন করে বালু উত্তোলনের অভিযোগে ভ্রাম্যমাণ আদালত আভিযান পরিচালনা করেছে।

গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রবিবার বেলা সাড়ে ১২ টার দিকে মুজিবনগর উপজেলা মহাজনপুর ইউনিয়নের গোপালপুর গ্রামের মৃত খবির মোল্লার ছেলে কালাম মোল্লা এবং একই গ্রামের মৃত ওয়াছ চেরাগীর ছেলে সাহেব চেরাগী গোপালপুর ভেকলার মাঠে কৃষি জমিতে অবৈধভাবে পুকুর খনন করে বালি উত্তোলন করছে এমন সংবাদ পেয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার ভূমি নাজমুল আলম

অভিযান পরিচালনা করেন। ভ্রাম্যমাণ আদালতের অভিযানের কথা জানতে পেরে বালু উত্তোলনের যন্ত্রপাতি নিয়ে পালিয়ে যায় বালু উত্তোলনকারিরা।

এ বিষয়ে গোপালপুর ভেকলার মাঠের পুকুর খনন ও বালু উত্তোলনের কারণে পাশের কৃষি জমি ক্ষতিগ্রস্থ ও ধসে যাওয়ার আশংকায় আশেপাশের জমির মালিকগণ মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটা অভিযোগ পত্র জমা দিয়েছে।

গোপালপুর ভেকলার মাঠের কৃষক খোকন, শফিকুল, রাতুল, সিরাজ, মজিবার, সাহেব, আলমগীর, পলাশ, জিনা, লাভলু, জানান এমন জায়গায় পুকুর খনন করে বালু উত্তোলন করছে যেখানে গভীর গর্তের সৃষ্টি হচ্ছে যার ফলে আশেপাশের জমি ধ্বংসের আশংকা দেখা দিয়েছে।

তাদেরকে বার বার নিষেধ করা সত্তেও ক্ষমতার জোরে সে কাজ বন্ধ না করে বালু উত্তোলন অব্যাহত রাখে। শুনেছি নির্বাহী ম্যাজিস্ট্রেট সেখানে গিয়েছিল তার পরেও নিরুপায় হয়ে আমরা মুজিবনগর নির্বাহী অফিসার বরাবর বালু উত্তোলন বন্ধ করে কৃষি জমি বাচাঁতে নির্বাহী অফিসার বরাবর অভিযোগ দিয়েছি।

বালু উত্তোলনকারি কালাম ও সাহেব অতি চালাক তারা ছুটির দিন শুক্রবার ও শনিবার বালু উত্তোলন করে যাতে ছুটির দিনে ম্যাজিস্ট্রেট আসতে না পারে। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম বলেছেন শুক্রবার শনিবার না, সুনির্দিষ্ট অভিযোগ পেলে অপরাধীদের বিরুদ্ধে যে কোন সময় আইনগত ব্যাবস্থা নেওয়া হবে।

পরে মুজিবনগর উপজেলা সহকারি(ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম কোমরপুর বাজারের ফিরোজা ফ্যাশান ও রাজ ফ্যাশান কে করোনা কালিন মাস্ক পরিধান না করে দোকানে বেচাকেনা করার অভিযোগে দণ্ড বিধির ২৬৯ ধারায় ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় মুজিবনগর থানার এস আই আরিফ এর নেতৃত্বে পুলিশের একটি টিম নির্বাহী ম্যাজিস্ট্রেট কে সহযোগীতা করে।

মেহেরপুরে দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই সদরে বাসিন্দা।

আজ রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে দুই জনের। আর নেগেটিভ আসে ১২ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৫৩৮৫ টি, সর্বমোট পজিটিভ ৭৫১ জন, সুস্থ ৬৭০ জন, মৃত্যু ১৭ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ০৮ টি (সদরে ০২ গাংনীতে ০৩ মুজিবনগরে ০৩)।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর স্টেডিয়াম পাড়ার শিতল মন্ডল (৬৮), হিতিমপাড়ার শাহাবুদ্দিন (৬০)।

শোলমারী বালিকা বিদ্যালয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

এ উপলক্ষে বরিবার সকালে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে সভায় বক্তব্য দেন ম্যানেজিং কমিটির সদস্য মশিউর রহমান, আবু হানিফ পল্টু।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল আলিম, আব্দুল জাব্বার, ফারুক হোসেন, মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, রিপন আলী।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

মেপ্র/এমএফআর

মেহেরপুর শহর আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধু‘র স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও ৱ্যালির আয়োজন করা হয়। রবিবারের সকাল ১১টার সময় মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে উপজেলা পরিষদে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে এবং পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি জশিউর রহমান বকুল এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসূল।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আকতার হোসেন, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রেজা।

অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর শহর ছাত্রলীগের সাবেক সভাপতি মাহফুজুর রহমান পেলেন, সদর থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল খান, জেলা ছাত্রলীগের প্রচার সম্পাদক শেখ শান্ত, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ নেতা আবু মোর্শেদ শোভন সরকার, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক গোলাম রাব্বী রবিন, মেহেরপুর পৌরসভার ১নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাসুদ ও দপ্তর সম্পাদক সাইফুল ইসলাম শাকিল, মেহেরপুর পৌরসভার ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামিদুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা সেখানে উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে র্যালী বের করা হয়। মেহেরপুর সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে র্যালীটি মেহেরপুর জেলা পরিষদে গিয়ে শেষ হয়।

মেহেরপুরের গোভীপুর মাদ্রাসার হিফজখানায় অনিয়ম, ছাত্রদের বিক্ষোভ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর দাখিল মাদ্রাসা লিল্লাহ বোডিং হিফজখানা ও এতিমখানায় নিন্মমানের খাবার পরিবেশন ও ভুয়া বিল ভাওচার করে টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে সুপার সাদিকুল ইসলামের বিরুদ্ধে।

এ নিয়ে প্রতিবাদ করায় মাদ্রাসা কমিটির সহ-সভাপতি শান্ত ও বোডিং সুপার সাদিকুল ইসলাম রবিবার সকালে মাদ্রাসার ছাত্রদের মারধর করেন বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী ছাত্ররা।পরে মাদ্রাসায় পড়বে না বলে ছাত্র মাদ্রাসা থেকে বের হতে গেলেও বাধা দেওয়া হয় তাদের। উপায় না পেয়ে এর সুষ্ঠ বিচারের দাবিতে মাদ্রসা প্রাঙ্গনেই বিক্ষোভ করতে থাকে ছাত্ররা।

পরে মেহেরপুর সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিরুল ইসলাম ও পুলিশ পরিদর্শন (অপারেশন) রাসুল সামদানি আজাদ ঘটনাস্থলে গিয়ে

পরিস্থিতি নিয়ন্ত্রন করেন।

হিফজখানার ছাত্র মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের বনি আমিন জানান, দির্ঘদিন ধরে আমাদের উপর অত্যাচর করা হয়। নিম্নমানের খাবার পরিবেশন করা হয়। আমাদের দিয়ে জোর করে ভুয়া বিল ভাওচার করে নেওয়া হয়। নিয়ম না থাকলেও আমাদের জোর করে বিভিন্ন নিয়ম চাপিয়ে দেওয়া হয়। এসব কিছুর প্রতিবাদ করতে গেলে আমাদের মারধর করা হয়।

মাদ্রসার ছাত্র গাংনী উপজেলার রেজওয়ান আজম্মেদ সাব্বির ও সাদিক আলী জানান, আমরা যা শিখতে এখানে এসেছি তা শেখানো হয় না। দাখিল মাদ্রাসার নিয়ম আমাদের উপর চাপিয়ে দেওয়া হয়। আমাদেরকে সর্ট পাঞ্জাবী পরতে বলা হয়। অথচ আমরা বড় জুব্বা ব্যবহার করি। এছাড়াও কেই যদি আমাদের খাওয়ার জন্য কিছু দান করেন, তার বেশির ভাগ বোর্ডিং সুপার সাদিকুল আত্মসাত করে ফেলেন।
এ বিষয়ে বোর্ডিং সুপার সাদিকুল জানান, আমার বিরুদ্ধে যা অভিযোগ সব মিথ্যা।

হিফজখানার সভপতি আব্দুল মান্নান বলেন, মাদ্রাসার কোন ঝামেলা হলে আমাকে তেমন জানানো হয় না। তবে যে অভিযোগ গুলো উঠেছে সেগুলো তদন্ত করে ব্যবস্থা নেবো।

গোভিপুর দাখিল মাদ্রাসার সভাপতি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান শাহ জামান বলেন, এর আগেও বোর্ডিং সুপার সাদিকুল ইসলামের বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উঠেছিল। তবে আজকের ঘটনায় আমরা এক সাথে আলোচনা করে সমাধান করার চেষ্টা করবো।

মেহেরপুর টিটিসি’র পক্ষ থেকে আমিনুল ইসলাম খোকনকে শুভেচ্ছা

মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদের নির্বাচনে সভাপতি পদে জয়লাভ করায় আমিনুল ইসলাম খোকনকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

মেহেরপুর সরকারী করিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)’র পক্ষ থেকে

রবিবার সকালে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মেহেরপুর সরকারী করিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোহাম্মদ মেহেদী হাসানসহ সংশ্লিষ্টরা এসময় উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গেলো শুক্রবার মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদ নির্বাচনে আমিনুল ইসলাম খোকন পরিষদ নিরঙ্কুশ বিজয় অর্জন করে।

ণ উপস্থিত ছিলেন।